

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৯৩.২০১৭-৯৮২


তারিখ : ২৪/৪/১৭

বিষয়ঃ রীট পিটিশন নং-২৫৪১/২০১৭, বাদী জনাব মোঃ মুকুল মোল্লা, পিতা- মৃত, নাইম উদ্দিন সরকার, জেনারেল সেক্রেটারী, গাইবান্ধা অটো বাইক শ্রমিক কল্যাণ সোসাইটি, থানা-গাইবান্ধা, জেলা-গাইবান্ধা -বনাম- সরকার ও অন্যান্য।

গাইবান্ধা পৌরসভা কর্তৃক ইজি বাইক (আটোবাইক) এর টোল আদায়ের লক্ষ্যে ০৮/০২/২০১৭ তারিখের ১০০(৫০) স্মারকে জারীকৃত ০১/২০১৬-১৭ নং ইজারা বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট পিটিশন নং- ২৫৪১/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
ফোন-৯৫৪০৯৯৫।

মেয়র

গাইবান্ধা পৌরসভা
গাইবান্ধা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (পৌর-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।